

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, ঢাকা।

ডিসিপ্লিন, গ্রিডেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট

**বিষয়ঃ কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ২০২২ প্রতিবেদন।**

কর্পোরেশনের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) ২০২২ সভা গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এক্ষেত্রে বিগত সভার কমিটি কর্তৃক যেসকল সিদ্ধান্ত গৃহীত হয় তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলোঃ

ক্রমিক নং	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নের হার
০১.	কর্পোরেশনের পরিবীক্ষণ কমিটি কর্তৃক ১০ টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেন চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়।	কর্পোরেশনের পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি তিন মাস অন্তর এই দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০২.	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত সহ ওয়েবসাইটে প্রদর্শনসহ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ৯০% বাস্তবায়নের জন্য ০৪ নম্বর প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়।	সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শন সহ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০৩.	কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য ২০২২-২৩ অর্থবছরে এপিএ তে এর জন্য কর্মসম্পাদন সূচকের মান বাড়িয়ে ০৯ ধরা হয়েছে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ



০৪.	২০২২-২৩ অর্থবছরের এপিএ তে প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়টি সংযোজন হয়েছে এবং উক্ত সূচকের জন্য ০৩ নম্বর বরাদ্দ দেয়ার বিষয়টি আলোচনা করা হয়েছে।	প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০৫.	প্রথমবারের মত ২০২২-২৩ অর্থবছরের এপিএ তে প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের উল্লেখ রয়েছে। উক্ত বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত সূচকের জন্য ০২ নম্বর বরাদ্দ দেয়া হয়েছে।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০৬.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বাৎসরিক দুইটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এক্ষেত্রে পরবর্তী কোয়ার্টারে একটি সভা আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে পরবর্তী কোয়ার্টারে একটি সভা আয়োজন করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০৭.	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিদর্শনে পরিলক্ষিত হয় যে কিছু ডিপার্টমেন্টের সেবার আওতা বেশি কিছু সিটিজেন চার্টারে সেটা উল্লেখ নেই এবং কিছু ডিপার্টমেন্টের সেবার প্রদত্ত সময়সীমার সাথে সেবা প্রদানের প্রকৃত সময় ভিন্ন। তাই সিটিজেনস্ চার্টারে উক্ত বিষয়গুলো সংশোধনের ব্যাপারে আলোচনা হয়।	যুক্তিসঙ্গত বিষয়গুলো পর্যালোচনা করে সিটিজেনস্ চার্টার সংশোধন করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ
০৮.	এপিএ তে উল্লিখিত ছক অনুযায়ী প্রমাণক সংযুক্ত কর্পোরেশন এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ৭ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের করার বিষয়ে আলোচনা করা হয়।	২০২২-২৩ অর্থবছরের ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ৭ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে।	বাস্তবায়িত	শতভাগ



আব্দুল্লাহ আল মামুন  
সহকারী মহাব্যবস্থাপক

ও

সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি